গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
খোকসা, কুষ্টিয়া
http://doict.khoksa.kushtia.gov.bd/

# উপজেলা আইসিটি কমিটির মার্চ/২০২৬ মাসের সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মাহমাদুল হাসান<br>উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি উপজেলা আইসিটি কমিটি |
| সভার তারিখ | ৩০ মার্চ ২০২৬ খ্রি. |
| সভার সময় | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | উপজেলা পরিষদ সভাকক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী ও আইসিটি কমিটি এর কার্য পরিধি সম্পর্কে বিস্তারিত তথ্য উপস্থাপন করার জন্য সহকারী প্রোগ্রামার, খোকসা, কুষ্টিয়া'কে অনুরোধ করেন।
বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | **উপজেলা তথ্য বাতায়ন হালনাগাদকরণঃ** সাধারণ জনগণ, তথ্য সেবা গ্রহীতাদের নিকট অবাধ তথ্য সরবরাহের গুরুত্বপূর্ণ মাধ্যম হিসাবে গড়ে তোলার লক্ষ্যে উপজেলা পরিষদ, সরকারি দপ্তর/বিভাগ এবং ইউনিয়নসমূহে সরকারি উদ্যোগে ওয়েব পোর্টাল চালু করা হয়েছে। ফলে সঠিক তথ্য পেতে ওয়েব পোর্টালসমূহ নিয়মিত হালনাগাদকরণ জনগুরুত্বপূর্ণ। | উপজেলা তথ্য বাতায়ন হালনাগাদকরণ বিষয়ে আলোচনা করা হয়। অত্র উপজেলার অনেক দপ্তরের ওয়েব পোর্টাল ১০০% হালনাগাদ নেই। এক্ষেত্রে সকল সরকারি দপ্তর/বিভাগ ও ইউনিয়ন ওয়েব পোর্টালে জরুরি খবর, বিভিন্ন নোটিশ, সভার কার্যবিবরণী, দপ্তরের কর্মকর্তা-কর্মচারী, সিটিজেন চার্টার, একনজরে, যোগাযোগ, কি সেবা কিভাবে দেওয়া হয়, সকল ধরণের সেবা/চলমান প্রকল্পের বিস্তারিত তথ্য ওয়েব পোর্টালে নিয়মিত সংযোজন, হালনাগাদকরণ রাখতে হবে বলে নির্দেশনা রয়েছে বলে তিনি জানান। সকল সরকারী দপ্তরের ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ করার জন্য সভাপতি অনুরোধ করেন। সভায় সভাপতি মহোদয় উদ্যোক্তাদের ইউনিয়নের ওয়েবপোর্টাল নিয়মিত হালনাগাদকরণের জন্য অনুরোধ করেন। এ ক্ষেত্রে সহকারী প্রোগ্রামার প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন। | ১। উপেজলার সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানগণ।<br>২। সহকারী প্রোগ্রামার<br>৩। ইউপি চেয়ারম্যান, প্রশাসনিক কর্মকর্তা ও ইউডিসি উদ্যোক্তাগণ |
| ০২ | **শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব ওয়েব সাইট হালনাগাদকরণঃ** শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব ওয়েবসাইট থেকে খুব সহজে উক্ত প্রতিষ্টান সম্পর্কে বিস্তারিত তথ্য, শিক্ষক ও শিক্ষার্থীদের তথ্য, ফলাফল, পরীক্ষা ও ভর্তি ইত্যাদি তথ্য পাওয়া যায়। | খোকসা উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে তাদের নিজস্ব ওয়েবসাইট রয়েছে। ওয়েবসাইটগুলোতে স্ব স্ব প্রতিষ্ঠানের বিস্তারিত তথ্য, শিক্ষক-শিক্ষিকাগণের তথ্য, শিক্ষার্থীদের তথ্য, নোটিশ, সিটিজেন চার্টার এবং অন্যান্য তথ্য নিয়মিত হালনাগাদ করতে হবে। শিক্ষা প্রতিষ্ঠানে তাদের নিজস্ব ওয়েবসাইট হালনাগাদের ক্ষেত্রে উপজেলা সহকারী মাধ্যমিক শিক্ষা অফিসার প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। স্ব স্ব প্রতিষ্ঠান প্রধান<br>২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস |
| ০৫ | **ইউডিসি উদ্যোক্তাদের কার্যক্রম সম্পর্কে অবহিত করণঃ** ইউনিয়ন ডিজিটাল সেন্টার হতে খুব সহজেই নাগরিকরা বিভিন্ন সেবা পেয়ে থাকেন। এছাড়াও প্রতিটি ইউনিয়ন ডিজিটাল সেন্টারে উদ্যোক্তাদের তাদের আয়-ব্যয়ের সঠিক হিসাব একসেবায় আপলোড করার জন্য বলা হয়। | প্রতিমাসে ইউডিসি উদ্যোক্তাগণ তাদের কার্যক্রম এবং আয়-ব্যয়ের বিবরণ সভায় উপস্থাপন করবেন মর্মে আলোচনা করা হয়। এ সময় তারা তাদের টার্গেট জন্ম নিবন্ধন নিয়মিত করে যাচ্ছেন বলে জানান। উদ্যোক্তাদের টিকা কার্ড অথবা মেডিকেল ডেলিভারি ছাড়পত্র দেখে জন্ম নিবন্ধন করার জন্য নির্দেশনা দেওয়া হয়। | সকল ইউডিসি উদ্যোক্তাগণ |

| | | | |
|---|---|---|---|
| ০৬ | **তথ্য প্রযুক্তি ল্যাবের কার্যক্রম সম্পর্কে অবহিতকরণঃ**<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কতৃক বাস্তবায়নাধীন " সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন" শীর্ষক প্রকল্পের আওতায় খোকসা উপজেলায় ০৯ টি শিক্ষা প্রতিষ্ঠানে তথ্য প্রযুক্তি ল্যাব স্থাপন করা হয়েছে। | সভায় তথ্য প্রযুক্তি ল্যাব সম্পর্কে অলোচনা করা হয়। খোকসা উপজেলায় প্রথম পর্যায়ে ০৩ (তিনটি) এবং ২য় পর্যায়ে ০৬ (ছয়)টি তথ্য প্রযুক্তি ল্যাব স্থাপন করা হয়েছে। এছাড়া ৩য় পর্যায়ে নতুন ল্যাবের জন্য ০৬(ছয়)টি শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য যাচাই-বাছাই করে পাঠান হয়েছে। শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাব পরিচালনার নীতিমালা-২০১২ মোতাবেক কম্পিউটার ল্যাবসমূহ যথারীতি চালু রাখা, এর সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা, শিক্ষার্থীদেরকে প্রোগ্রামিং শেখার ব্যবস্থা করার জন্য প্রধান শিক্ষকগণদের অনুরোধ করা হয়। সহকারী প্রোগ্রামার তথ্য প্রযুক্তি ল্যাব পরিদর্শন করে আইসিটি অধিদপ্তরে প্রেরণ করে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, খোকসা বরাবর অনুলিপি প্রদান করবেন। প্রতিটি তথ্য প্রযুক্তি ল্যাবে ডিজিটাল সমাবেশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সহকারী প্রোগ্রামার<br>২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>৩। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ |

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অনুরোধসহ উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৭-০৪-২০২৬
মোঃ মাহমাদুল হাসান
উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি উপজেলা আইসিটি কমিটি
ফোন : ০১৭৩০৪৭৩৬২৯
ইমেইল : unokhoksa@mopa.gov.bd

তারিখ: ২৪ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০৭ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৫৬.০৪.৫০৬৩.০০০.০০০.০৬.০০০১.২৫.৯৯

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক, আইসিটি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।।
২। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া।
৩। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, কুষ্টিয়া এবং
৪। উপজেলা আইসিটি কমিটির সদস্য (সকল), খোকসা, কুষ্টিয়া।

০৭-০৪-২০২৬
মোঃ ফারুক হোসেন
সহকারী প্রোগ্রামার ও সদস্য সচিব উপজেলা আইসিটি কমিটি